একাডেমিক শাখা
রেজিস্ট্রার দপ্তর
প্রশাসনিক ভবন (৫ম তলা)



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ

বিজ্ঞপ্তি

সংশিষ্ট সকলের অবগতির জন্য আদেশক্রমে জানানো যাচ্ছে যে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ৫ জিপিএ প্রাপ্ত ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে গড়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত এবং মাস্টার্সে অধ্যয়নরত মেধাবী একজন ছাত্র ও একজন ছাত্রীকে "চিটাগাং ইউনিভার্সিটি এলামনাই ফোরাম স্কলারশিপ ফান্ড" বৃত্তি প্রদানের সিদ্ধান্ত আছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে সম্পাদিত MOU অনুযায়ী $ ১৫০০ (এক হাজার পাঁচশত ডলার) এর সমপরিমান বাংলাদেশী টাকার স্থায়ী আমানতের বাৎসরিক নীট লভ্যাংশ দিয়ে অধ্যয়নরত মেধাবী একজন ছাত্র ১। Mohammad Arif Billah (Saqib), আইডি. নম্বরঃ ২০৬০৯০১৮, শহীদ আবদুর রব হল, বি.এসসি অনার্স-২০২৪, ফার্মেসী বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং একজন ছাত্রী ২। Sumaiya Alam Omi, আইডি. নম্বরঃ ২০৬০৭০২৯, শামসুন নাহার হল, বি.এসসি অনার্স-২০২৪, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-কে সমভাবে "চিটাগাং ইউনিভার্সিটি এলামনাই ফোরাম স্কলারশিপ" প্রদান করা হলো।

বৃত্তির টাকা সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালক ও হলের প্রভোস্টের সুপারিশক্রমে বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীকে প্রদান করতে হবে। এ বিজ্ঞপ্তিতে অনিচ্ছাকৃত কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের থাকবে। প্রয়োজনবোধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে ইহা বাতিলও করতে পারবে। তাই উক্ত বৃত্তির টাকা সংশ্লিষ্ট বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীকে প্রদানের পূর্বে তার নিকট হতে হিসাব নিয়ামক দপ্তর এ মর্মে লিখিত অঙ্গীকার পত্র গ্রহণ করবেন যেন পরবর্তীতে কোন অসুবিধার সৃষ্টি হলে সে উক্ত বৃত্তির টাকা ফেরত দিতে বাধ্য থাকবে।

স্বাক্ষরিত/-
(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

স্মারক নং একা ৬২৫/২০২৬/১৩৫২৩(২০) তারিখ ঃ ১৫.১১.২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ (ক্রম জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২। সভাপতি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি/ফার্মেসী বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় → বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে অবহিত করার অনুরোধসহ
৩। প্রভোস্ট, শামসুন নাহার/শহীদ আবদুর রব হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৫। হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৭। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯। ডেপুটি রেজিস্ট্রার (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০। নথি

১৫-১১-২৬
(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

Sultan
15.11.2026